Total No. of Printed Pages—10

## 4 SEM TDC BNLN (CBCS) DSC 4 (A/B)

## 2022

( June/July )

BENGALI

( Discipline Specific Course )

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

Paper : DSC–4 (A)

**[ বাংলা কথাসাহিত্য নাটক ও প্রবন্ধ (উনবিংশ শতক) ]**

**প্রথম একক**

**( *মূল্যাঙ্ক* : ২০ )**

১। নীচের যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) ‘বিরিঞ্চিবাবা’ গল্প অবলম্বনে ভাষাশিল্পী পরশুরামের পরিচয় দাও।

(খ) “প্রকৃতি যেন তাহার ভাষার অভাব পূরণ করিয়া দেয়।” মানুষের ভাষার অভাব কীভাবে প্রকৃতি পূরণ করতে পারে তা রবীন্দ্রনাথের ‘সুভা’ গল্পটি অবলম্বনে আলোচনা কর।

(গ) ‘আদরিণী’ গল্পটি অনুসরণে ছোটগল্পকার প্রভাতকুমার মুখোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা কর।

২। যে-কোন একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৬

(ক) "রাস্তার পাশে একটা আমবাগানে শুইয়া পড়িয়াছে।" অংশটি কোথা থেকে নেওয়া হয়েছে? কে রাস্তার পাশে শুয়ে পড়েছে এবং কেন, সংক্ষেপে লেখ।

(খ) 'বিরিঞ্চিবাবা' চরিত্রটি সংক্ষেপে লেখ।

(গ) "বালিকার চিরনীরব হৃদয়ের মধ্যে একটা অসীম অব্যক্ত ক্রন্দন বাজিতে লাগিল—অন্তর্যামী ছাড়া আর কেহ তাহা শুনিতে পাইল না।" প্রসঙ্গ উল্লেখ করে এই উক্তির তাৎপর্য বিচার কর।

৩। অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের লেখা গল্পটির নাম কী?

(খ) 'আদরিণী' গল্পে ক'টি পরিচ্ছেদ আছে?

(গ) সুভার দুই বড়বোনের নাম কী কী?

## দ্বিতীয় একক

( *মূল্যাঙ্ক* : ২০ )

৪। নীচের যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) "আত্মসচেতনতাই আধুনিক উপন্যাসের প্রধান লক্ষণ। লবঙ্গলতার চরিত্রের মধ্যে আমরা এই আত্মবোধের প্রথম স্ফুরণ লক্ষ্য করি।" এই উক্তির আলোকে লবঙ্গলতা চরিত্রটি বিশ্লেষণ কর।





(খ) ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব সম্পর্কে যা জান লেখ।

(গ) " 'রজনী' উপন্যাসের সার্থকতা তাঁর নামকরণের মধ্যে পরিস্ফুট হয়ে উঠেছে।" এই উক্তির আলোকে 'রজনী' উপন্যাসের নামকরণ সার্থক কিনা, আলোচনা কর।

৫। যে-কোন একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৬

(ক) অমরনাথের চরিত্রটি সংক্ষেপে আলোচনা কর।

(খ) "...আমার যে কি দুঃখ, তাহাতে হৃদয় ধ্বংস হইলেও, সকলটা আপনি মনে ভাবিয়া আনিতে পারি না।" কার উক্তি? তার এই উক্তির কারণ চরিত্রটির আলোকে পরিস্ফুট কর।

৬। অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কোথায় জন্মগ্রহণ করেছিলেন?

(খ) 'রজনী' উপন্যাসটি কোন্ বছর প্রকাশিত হয়েছিল?

(গ) "আজ্ঞে ঠাকুরদামহাশয়, দাসী হাজির।" কার উক্তি?

## তৃতীয় একক

( *মূল্যাঙ্ক* : ২০ )

৭। নীচের যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) নাট্যকার গিরিশচন্দ্র ঘোষের কৃতিত্ব আলোচনা কর।

(খ) 'জনা' কী জাতীয় নাটক? ঐ জাতীয় নাটকের বৈশিষ্ট্যগুলি নাটক অবলম্বনে আলোচনা কর।

(গ) 'জনা' নাটকের নামকরণ সার্থক কিনা, আলোচনা কর।

৮। যে-কোন একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৬

(ক) 'জনা' নাটকের প্রথম অঙ্কের চতুর্থ গর্ভাঙ্ক কোথায় সংঘটিত হয়েছিল? সেই গর্ভাঙ্কের কাহিনী সংক্ষেপে আলোচনা কর।

(খ) 'মা হয়ে মা মনে ব্যথা' গানটি কোন্ অঙ্কে সংযোজিত হয়েছিল? কার মুখে এই গান সংযোজনা করা হয়েছিল? গানটির ভাব ব্যক্ত কর।

৯। অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) গিরিশচন্দ্র ঘোষ কী নামে পরিচিত ছিলেন?

(খ) 'জনা' নাটকের রচনাকাল লেখ।

(গ) গিরিশচন্দ্র ঘোষের প্রথম নাটকের নাম কী?

## চতুর্থ একক

( *মূল্যাঙ্ক* : ২০ )

১০। নীচের যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থে প্রাবন্ধিক বিবেকানন্দের যে পরিচয় ফুটে উঠেছে তা আলোচনা কর।





(খ) 'ধর্ম ও মোক্ষ' বিষয়ে স্বামী বিবেকানন্দের মতামত তোমার নিজের ভাষায় ব্যাখ্যা কর।

(গ) 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থে লেখকের ভাষা ব্যবহারের কৌশল সম্পর্কে যা জান লেখ।

১১। নীচের যে-কোন একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৬

(ক) 'আহার ও পানীয়' অধ্যায়ে স্বামী বিবেকানন্দ ভারতীয়দের যে খাদ্যাভাসের কথা বলেছেন তা সংক্ষেপে লেখ।

(খ) "প্রত্যেক জীব শক্তি প্রকাশের এক একটি কেন্দ্র।" কোন্ পরিচ্ছেদ থেকে নেওয়া হয়েছে? এই মতের ভাব ব্যক্ত কর।

১২। অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থটির প্রকাশকাল লেখ।

(খ) স্বামী বিবেকানন্দ রচিত আরো দুটি গ্রন্থের নাম লেখ।

(গ) স্বামী বিবেকানন্দ কার শিষ্য ছিলেন?

Paper : DSC–4 (B)

[ বাংলা কথাসাহিত্য নাটক ও প্রবন্ধ (বিংশ শতক) ]

প্রথম একক

( বাংলা ছোটগল্প )

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) প্রেমেন্দ্র মিত্র কোন্ গোষ্ঠীর লেখক?

(খ) 'ঠগিনী' গল্পে রমেশের পেশা কী ছিল?

(গ) নাসিমের মায়ের নাম কী?

(ঘ) 'নিরুদ্দেশ' গল্পে 'আজকের কাগজে' একসঙ্গে কয়টি নিরুদ্দেশের বিজ্ঞাপন দিয়েছিল?

(ঙ) 'একটি প্রেমের গল্প'-এ মাধুরীর প্রেমিকের নাম কী?

২। সংক্ষেপে উত্তর দাও (যে-কোন একটি) : ৫

(ক) শোভনের নিরুদ্দেশের কাহিনী সংক্ষেপে বর্ণনা কর।

(খ) 'ঠগিনী' গল্পে ঠগিনী (কখনো সুধা, কখনো মাধুরী, কখনো করবী) চরিত্রটি বিশ্লেষণ কর।

৩। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) অচিন্ত্যকুমার সেনগুপ্তের 'সারেঙ' গল্পের নাসিমের জীবন-সংগ্রামের কাহিনী বর্ণনা কর।

(খ) 'একটি প্রেমের গল্প'-এর মাধুরী চরিত্রটি বিশ্লেষণ কর।





দ্বিতীয় একক

( উপন্যাস )

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) 'পথের পাঁচালী' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়?

(খ) 'পথের পাঁচালী' উপন্যাসটিকে লেখক কয়টি পর্বে ভাগ করেছেন?

(গ) হরিহর রায়ের বাড়ি কোন্ গ্রামে ছিল?

(ঘ) হরিহরের সঙ্গে ইন্দির ঠাকরুনের কী সম্পর্ক?

(ঙ) "ছেলেটা বলিল—বনের মধ্যে কি গেল বাবা? বড় বড় কান?" এখানে ছেলেটা কে?

৫। সংক্ষেপে উত্তর দাও (যে-কোন একটি) : ৫

(ক) অপু চরিত্রের শৈশব ও কৈশোর আলোচনা কর।

(খ) "বাংলার এক সময়ের কৌলীন্য প্রথার বলি ইন্দির ঠাকরুন।" উক্তিটির আলোকে ইন্দির ঠাকরুনের চরিত্রটি আলোচনা কর।

৬। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) 'পথের পাঁচালী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার কর।

(খ) "'পথের পাঁচালী' উপন্যাসের সবচেয়ে ট্র্যাজিক চরিত্র সর্বজয়া।" সর্বজয়া চরিত্রটি বিশ্লেষণ কর।

## তৃতীয় একক

### ( নাটক )

৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) "দুর শালা, তোমার পোষমাস, বাবুমশায়ের যে সাড়ে সব্বোনাশ ... ঝাড়ে আছোলা বাঁশ।" সংলাপটি কার?

(খ) 'সাজানো বাগান' নাটকটি কয়টি অঙ্কে বিভক্ত?

(গ) গোবিন্দের পেশা কী?

(ঘ) গুপির স্ত্রীর নাম কী?

(ঙ) নকড়ি বাঞ্ছারামকে আত্মহত্যা করার জন্য কী খেতে দিয়েছিল?

৮। সংক্ষেপে উত্তর দাও (যে-কোন একটি) : ৫

(ক) নকড়ির কয়টি ছেলে এবং তাদের নাম কী কী? ছেলেদের সম্পর্কে লেখ।

(খ) গুপি চরিত্রটি বর্ণনা কর।

৯। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) "মনোজ মিত্রের 'সাজানো বাগান' নাটকে দুটি শ্রেণীর ভূমিকে কেন্দ্র করে যে সংঘাত (কৃষিজীবী ও জমিদার শোষক শ্রেণীর) তাতে জয় হয়েছে কৃষিজীবীর।" আলোচনা কর।

(খ) মনোজ মিত্রের 'সাজানো বাগানো' নাটকে বাঞ্ছারাম চরিত্রটি বিশ্লেষণ কর।





## চতুর্থ একক

### ( বাংলা প্রবন্ধ )

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী?

(খ) 'প্রবন্ধ সংগ্রহ' গ্রন্থটি বাংলা কত সালে প্রকাশিত হয়?

(গ) "...এ দেশে লাইব্রেরির সার্থকতা হাসপাতালের চাইতে কিছু কম নয়, এবং স্কুল কলেজের চাইতে কিছু বেশি।" উক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত?

(ঘ) 'আমরা পূর্ব, তোমরা পশ্চিম। আমরা আরম্ভ, তোমরা শেষ।' এই প্রবন্ধে 'আমরা' বলতে কাদের বুঝিয়েছেন?

(ঙ) 'স্পিরিচুয়ালিটি' এবং 'মেটিরিয়ালিজম' এই দুটি শব্দ কোন্ দেশ থেকে আমদানি করা হয়েছে?

১১। সংক্ষেপে উত্তর দাও (যে-কোন একটি) : ৫

(ক) 'আমরা ও তোমরা' প্রবন্ধে লেখক যে তুলনা করেছেন তার একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) প্রবন্ধকার প্রমথ চৌধুরী দুজন ফরাসি সাহিত্যিকের পূর্ব ও পশ্চিম সম্বন্ধে যে মতামত ব্যক্ত করেছেন তা বর্ণনা কর।

১২। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) লেখক প্রমথ চৌধুরী ‘সাধুভাষা বনাম চলিতভাষা’ প্রবন্ধে চলিতভাষার পক্ষে যেসব যুক্তি প্রদর্শন করেছেন তা লেখ।

(খ) “বই পড়ার শখটা মানুষের সর্বশ্রেষ্ঠ শখ হলেও আমি কাউকে শখ হিসাবে বই পড়তে পরামর্শ দিতে চাইনে।” প্রবন্ধকারের এই যুক্তির কারণ বিশ্লেষণ কর।

★★★